# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি

## কাঁচপুর শাখা, কাঁচপুর,সোনারগাও,নারায়ণগঞ্জ।

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক

## বন্ধকী সম্পত্তির নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারনকে জানানো যাইতেছে যে, Mr. Mukbul Khan, Proprietor of- **BHAI BHAI WASTE COTTON MILL**, Address: Khadun, Tarabo Pourashava, Rupganj, Narayanganj .এর নিকট ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি এর ইউসিবি গ্রুব Loan বাবদ গত ২৬.০৬.২০২৪ ইং তারিখ পর্যন্ত ৫৭,১৭,৬৯০.৯১/- (সাতান্ন লক্ষ সতের হাজার ছয়শত নব্বই দশমিক নয় এক মাত্র) টাকা এবং (Term) Loan বাবদ গত ২৬.০৬.২০২৪ ইং তারিখ পর্যন্ত ২২,৩৫,১৪৭.১৮/- (বাইশ লক্ষ পয়ত্রিশ হাজার একশত সাতচল্লিশ দশমিক এক আট মাত্র) টাকা পাওনা রহিয়াছে। উক্ত ঋণ গ্রহিতা ঋণ পরিশোধের নিশ্চয়তা স্বরূপ তাঁহার নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি বিগত ০৫.০৪.২০১৮ ইং তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রিকৃত বন্ধকী দলিল নং-৩৪৮৯ এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, এর নিকট দায়বদ্ধ রাখিয়াছেন এবং একই তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রিকৃত ৩৪৯০ নং আম-মোক্তারনামা দলিলের মাধ্যমে বন্ধকী সম্পত্তি বিক্রয়ের ক্ষমতা প্রদান করিয়াছেন। ঋণ বাবদ পাওনা টাকা উক্ত ঋণ গ্রহীতা পরিশোধ করিতে ব্যর্থ হওয়ায় ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি পাওনা আদায়ের নিমিত্তে উক্ত বন্ধকী দলিল ও আম-মোক্তারনামা বলে তফসিল বর্ণিত বন্ধকী স্থাবর সম্পত্তি নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তে সীলমোহরকৃত দরপত্র আহবান করিতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

জেলা-নারায়নগঞ্জ, উপজেলা- আড়াই হাজার, মৌজা-জাউগাড়া, জে, এল, নং- সি.এস ৪৬৪, এস এ ৪৬৪, আর এস, ৩৫, এবং জেলা-নারায়নগঞ্জ, উপজেলা-রূপগঞ্জ, মৌজা-খাদুন, জে, এল, নং- সি.এস ১২, এস এ ৫৫৭, আর এস ১৯৮

| খতিয়ান নং | | | | | দাগ নং | | জমির পরিমান (শতক) | জমির প্রকৃতি | মালিকের নাম |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| খারিজ | জোত নং | সি.এস | এস এ | আর এস | সি.এস ও এস এ | আর এস | | | |
| ১৮০২ | ১৮০২ | ১৬১ | ১৬৭ | ৬৫১ | ৮৭৮ | ১৩৮৩ | ৯.০০ শতক | আবাসিক | বাদল খান |
| ১৫৭৫ | ১৫৭৪ | ৩২ | ৩৬ | ৮৭ এবং ২১২ | ৩৪৮ | ৪১১ এবং ৪১২ | (১.৭৫+০.৫০) =২.২৫ শতক | আবাসিক | বাদল খান |
| ১১৫৩ | ১১৫২ | ৩২ | ৩৬ | ৮৭ এবং ২১২ | ৩৪৮ | ৪১১ এবং ৪১২ | ০৩.০০ শতক | আবাসিক | মোঃ মুকবুল খান |
| | | | | | | মোট= | ১৪.২৫ শতক | - | - |

মোট ১৪.২৫ শতক জমি ও এর উপর নির্মিত/নির্মিতব্য ফ্যাক্টরী, প্রকল্প ভবন, বাড়ী ঘর/দালান কোঠা ও অন্যান্য অবকাঠামো এবং ভোগ ব্যবহারের অধিকার সহ ইজমেন্ট রাইট। চৌহদ্দীঃ আর এস **১৩৮৩ দাগে ৯.০০ শতক জমিরঃ** উত্তরে-বেনজির আহম্মেদ ; দক্ষিনে-শহিদুল ইসলাম , পূর্বে-নিয়ত আলী , পশ্চিমে- নিয়ত আলী এবং আর এস ৪১১ ও ৪১২ **দাগে( ১.৭৫+০.৫০+৩.০০)=৫.২৫ শতক জমিরঃ** উত্তরে- বাদল খান ; দক্ষিনে-রাস্তা তাপর সিরাজুল খান ,পূর্বে-অবু খান , পশ্চিমে-মোকতার খান।

**নিলামের শর্তাবলীঃ**

১) প্রত্যেক দরপত্র দরদাতার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অক্ষরে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। ২) দরপত্র আগামী **২৩-০৭-২০২৪ ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকার** মধ্যে নিম্ন বর্ণিত ঠিকানায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ৩) প্রত্যেক দরদাতা, উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্বৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকার, জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ২ নং শর্তে উল্লেখিত ঠিকানায় ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি. এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।৪) অনুর্ধ্ব ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।৫) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতিয়মান হইলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।৬) উপরে বর্ণিত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।৭) নিলামে অংশ গ্রহণ ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য এবং নিলামে অংশগ্রহনের পূর্বে বন্ধকী সম্পত্তি সম্পর্কিত যাবতীয় দলিলাদি পর্যবেক্ষণ করার জন্য ব্যাংকের উক্ত ঠিকানায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।৮) কোন কারন দর্শানো ব্যতিরেকে হস্তান্তর দলিল সম্পাদন হওয়ার পূর্ব পর্যন্ত দরপত্র বাতিল করিবার অধিকার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি সংরক্ষণ করে। আদালতের কোন আদেশ অথবা রায়ের কারনে দরপত্র বাতিল করার ক্ষেত্রে সফল দরদাতাকে শুধুমাত্র তাঁহাদের জমাকৃত টাকা ফেরত দেওয়া হইবে। দরপত্র গৃহীত হয় নাই এমন দরপত্র দাতাদেরকে তাঁহাদের জামানতের টাকা যথাশীঘ্র সম্ভব (১ম ও ২য় সর্বোচ্চ দরদাতা ব্যতিরেকে) ফেরত দেওয়া হইবে। ৯) দরদাতাগণ বা তাঁহাদের প্রতিনিধিগণ (যদি উপস্থিত থাকেন) এর সম্মুখে আগামী **২৩-০৭-২০২৪ ইং তারিখে বিকেল ৩.০০ ঘটিকায়** ২ নং শর্তে উল্লেখিত ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি. এর অফিসে দরপত্র বাক্স খোলা হইবে। ১০) সফল দরদাতাকে তফসিলে বর্ণিত সম্পত্তি হস্তান্তর সংক্রান্ত রেজিষ্ট্রেশন খরচ, হস্তান্তর ফি, ষ্ট্যাম্প ডিউটি, উৎস কর (প্রযোজ্য ক্ষেত্রে), অন্যান্য খরচ, দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন পাওনা বা দাবী থাকিলে তাহা বহন করিতে হইবে। রেজিষ্ট্রেশন খরচ সহ বর্ণিত সকল খরচের বিষয়ে কোন অসাদুপায় অবলম্বন করিলে উহার উদ্ভুত দায়-দায়িত্ব সংশ্লিষ্ট নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে। ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোনভাবে দায়ী থাকিবে না। ১১) বর্ণিত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের, বিসিক, সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দ্বায়িত্ব ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি এর উপর বর্তাইবে না। উক্ত খরচ দরপত্র দাতা/ক্রেতা বহন করিবেন। ১২) সফল দরদাতাকে অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ১২(৫) ধারা মোতাবেক সম্পত্তি দখল প্রদানের বিষয়ে সহযোগিতা করা হইবে।

**দরপত্র দাখিলের ঠিকানাঃ** ইউনাইটেড কমাশিয়াল ব্যাংক পিএলসি, **কাঁচপুর শাখা,কাঁচপুর, সোনারগাও,নারায়ণগঞ্জ** ফোন নং- ০১৭০৯৬৩৫৯৫৫, ০১৯৫৫৫১৫৪৭৫।